যুগান্তর

তারিখ

পৃষ্ঠা ২ কলাম ৩

SEP. 25 2002

# জাতীয় গ্রন্থবর্ষ উপলক্ষে মন্ত্রী প্রতিমন্ত্রীদের বই উপহার

জাতীয় গ্রন্থবর্ষ উপলক্ষে মঙ্গলবার সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান স্বরাষ্ট্রমন্ত্রী আলহাজ আলতাফ হোসেন চৌধুরী, বস্ত্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী ও ধর্ম প্রতিমন্ত্রী মোশারেফ হোসেন শাহজাহানকে বই উপহার দেন। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঘোষিত 'প্রিয়জনকে বই উপহার দিন' ঘোষণার বাস্তবায়ন ও সমাজের সর্বস্তরের মানুষের মাঝে পাঠাভ্যাস বাড়ানোর জন্য সংস্কৃতি মন্ত্রণালয় ও প্রকাশকদের যৌথ উদ্যোগে এ কর্মসূচি গ্রহণ করা হয়।

এ সময় সংস্কৃতি সচিব, নাজমুল আহসান চৌধুরী, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মাহমুদ শফিকসহ এশিয়া পাবলিকেশন, সূচিপত্র, কাকলী, এ্যাডর্ন, হাসি, মৌলি, বার্ড, জ্ঞান বিতরণী ও শিকড় প্রকাশনীর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।